DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 14 Nov 2026, 03:12 PM

বিনোদন

শুটিংয়ের ফাঁকে পড়াশোনা, এসএসসিতে জিপিএ কত পেলেন অভিনেত্রী?

প্রতিবেদক: ঢাকা প্রোব প্রতিবেদক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



স্কুলের গণ্ডি পেরোনোর আগেই অভিনয়ে পরিচিতি পেয়েছেন ইসরাত অতিথি। সাম্প্রতিক সময়ে বেশ কয়েকটি নাটকে অভিনয় করেছেন তিনি। মোহাম্মদ মুস্তফা কামাল রাজের ধারাবাহিক নাটক এটা আমাদেরই গল্প-এ ফারহানা চরিত্রে অভিনয় করে দর্শকের নজর কাড়েন এই অভিনেত্রী।

এ বছর এসএসসি পরীক্ষা দিয়েছেন অতিথি। আজ ফল প্রকাশের পর তিনি জানান, পরীক্ষায় পাস করেছেন। ফলাফল নিয়ে সন্তুষ্ট তিনি।

অতিথির বোন সাফিনা জানান, এসএসসিতে জিপিএ ৪ পেয়েছেন অতিথি। শুটিংয়ের ব্যস্ততার মধ্যেও পড়াশোনা চালিয়ে যেতে তাঁকে বেশ পরিশ্রম করতে হয়েছে। তাই অতিথির ফলাফলে তাঁর পরিবারও খুশি।

উত্তরার কেসি মডেল স্কুল থেকে মানবিক বিভাগে এসএসসি পরীক্ষা দেন অতিথি। ফল প্রকাশের পর স্কুলে যান তিনি। সেখানে প্রধান শিক্ষকের সঙ্গে ছবি তুলে ফেসবুকে পোস্ট করেন। সেই পোস্টে তাঁকে শুভেচ্ছা জানিয়েছেন অনুরাগীরা।

অতিথি নবম শ্রেণি পর্যন্ত বিজ্ঞান বিভাগে পড়েছেন। পরে অভিনয়ের ব্যস্ততা বাড়তে থাকায় বিজ্ঞান বিভাগের পড়াশোনা তাঁর জন্য চাপের হয়ে ওঠে। এ কারণে বোর্ডে রেজিস্ট্রেশন হয়ে যাওয়ার পরও পরীক্ষার আট মাস আগে স্কুল কর্তৃপক্ষের সঙ্গে কথা বলেন তিনি।

এরপর বিজ্ঞান থেকে মানবিক বিভাগে চলে আসেন অতিথি। স্বল্প সময়ে নতুন বিভাগের পড়াশোনার প্রস্তুতি নেন। এমনকি এসএসসি পরীক্ষার দুই দিন আগেও তাঁকে শুটিং করতে হয়েছে।

অতিথিকে সর্বশেষ দেখা গেছে রাফাত মজুমদার রিংকুর নাটক ভালোবাসার গল্প-এ। মাস খানেক আগে সিএমভির ইউটিউব চ্যানেলে নাটকটি মুক্তি পায়। এতে কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করেছেন ইয়াশ রোহান ও তানজিম সাইয়ারা তটিনী।

এ বিভাগের আরও খবর



জাতীয় হিফজুল কুরআন প্রতিযোগিতায় দ্বিতীয় ধর্মপাশার নাবিল

৩১তম জাতীয় হিফজুল কুরআন প্রতিযোগিতা-২০২৬-এর সুনামগঞ্জ জেলা পর্যায়ের বাছাইপর্বে ১০ পারা গ্রুপে দ্বিতীয় স্থান অর্জন করেছে ধর্মপাশা উপজেলার ক্ষ...



এক দশকের দাম্পত্য জীবনের অবসান, বাংলাদেশে ফিরেছেন শাকিলা জাফর

প্রায় এক দশকের দাম্পত্য জীবনের ইতি টেনে বাংলাদেশে ফিরেছেন কবি ও সাবেক করপোরেট নির্বাহী শাকিলা জাফর। ভারতের কবি ও সাবেক করপোরেট নির্বাহী রবি...



অভিনয়ে ফিরতে চান খলনায়িকার চরিত্রে, জানালেন ক্যাটরিনা

দিনভর শুটিং শেষে বাড়ি ফেরেন ভিকি কৌশল। এরপর ক্লান্তি ভুলে মন দেন সন্তান ও সংসারে। স্বামী ও বাবা হিসেবে ভিকির এই দায়িত্ববোধ মুগ্ধ করেছে বলিউড...



স্তন ক্যানসারে মারা গেলেন অভিনেত্রী তুলনা

মাস ছয়েক আগে শরীরে ক্যানসার ধরা পড়েছিল মডেল, অভিনেত্রী ও উপস্থাপিকা তুলনা আল হারুনের। এরপর চলছিল চিকিৎসা। তবে শেষ পর্যন্ত বাঁচানো গেল না তাক...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/entertainment/shutingyer-fanke-prashona-esessite-jipie-kt-pelen-obhinetri